

PRINT

সমকাল

সেরা শিক্ষার্থীদের পুরস্কৃত করল আইইউবি

১১ ঘণ্টা আগে



সেরা শিক্ষার্থীদের পুরস্কৃত করেছে ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি বাংলাদেশ (আইইউবি)। বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে ভালো ফলকারী ১৬১ শিক্ষার্থীর হাতে পুরস্কার তুলে দেওয়া হয়। গত শুক্রবার রাজধানীর বসুন্ধরায় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ বিজ্ঞান একাডেমির সাবেক সভাপতি অধ্যাপক এম. শমসের আলী। অন্যদের মধ্যে আইইউবির ট্রাস্টি বোর্ডের সাবেক চেয়ারম্যান রাশেদ চৌধুরী, উপাচার্য অধ্যাপক এম ওমর রহমান, উপ-উপাচার্য অধ্যাপক মিলান পাগন ও রেজিস্ট্রার আনোয়ারুল ইসলাম উপস্থিত ছিলেন।

একাডেমিক কার্যক্রমের অংশ হিসেবে আইইউবি প্রতি বছর ভালো ফলকারী শিক্ষার্থীদের আংশিক অথবা পুরোপুরি বৃত্তি দিয়ে থাকে। এ ছাড়া বই কেনার ক্ষেত্রেও আর্থিক অনুদান দেওয়া হয়। বরাবরের মতো এবারও দুটি ক্যাটাগরিতে একাডেমি অ্যাওয়ার্ড দেওয়া হয়। 'ভাইস চ্যান্সেলর' পদক তালিকার বিজয়ীরা ১০ হাজার এবং ডিন পদক তালিকায় বিজয়ী প্রত্যেককে ৫ হাজার টাকা ও সনদ পান।

এ সময় অধ্যাপক এম. শমসের আলী বলেন, একমাত্র বিশ্ববিদ্যালয়ই পারে গবেষণার মাধ্যমে সমাজ ও মানব জাতির ইতিবাচক উন্নয়ন ঘটাতে। পুরস্কৃত শিক্ষার্থীদের আত্মতুষ্টিতে না ভুগে আরও এগিয়ে যাওয়ার পরামর্শ দেন তিনি। অনুষ্ঠানে বিভিন্ন অনুষদের ডিন, শিক্ষক, প্রশাসনিক কর্মকর্তা, শিক্ষার্থী, অভিভাবকরা উপস্থিত ছিলেন। সংবাদ বিজ্ঞপ্তি।

© সমকাল 2005 - 2018

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,
বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ । ইমেইল: info@samakal.com